

সি.এম. ২৭

পাসের হারে সকল বোর্ডের শীর্ষে মাদ্রাসা শিক্ষা বোর্ড

পাসের হার ৬৫.৮৭ : মোট জিপিএ ৬৮৮৯

স্টাফ রিপোর্টার : দেশের সকল শিক্ষা বোর্ডকে ছাড়িয়ে যৌথিত ফলাফলের শীর্ষে উঠেছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। ৯টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি, দাখিল ও এস.এস.সি জে.কে.এন.এল পরীক্ষার ফলাফলে মাদ্রাসা শিক্ষা বোর্ড সর্বোচ্চ পাসের হার দখলের গৌরব অর্জন করেছে। গতকাল ফলাফলের যৌথিত দাখিল পরীক্ষার

২০০৭ সালের ফলাফলের পাসের হার ৬৫.৮৭। গত বছরের চাইতে মাদ্রাসা বোর্ডের এ বছরের পাসের হার শতকরা ১০ ভাগ কম হয়েও মাদ্রাসা বোর্ড সকল বোর্ডের পাসের হারের শীর্ষে রয়েছে। গত ৭ বছরে মাদ্রাসা বোর্ডের গড় পাসের হার ৪১.৮৭% থেকে বৃদ্ধি পেয়ে পেয়ে '০৬ সালে মাদ্রাসা বোর্ডের পাসের হার ৭৪.০৬%



ইনকিলাব : ঢাকার দারুল নাহাজত সিদ্দীকিয়া কামিল মাদ্রাসার জিপিএ-৫ গ্রাড ছাত্রদের সাথে মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আবু ম আবু বকর সিদ্দিক

শীর্ষে মাদ্রাসা শিক্ষা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

৭৫.৮১%-এ পৌঁছে। গত মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার পাসের হার ৬৫.৮৭ হলেও পরীক্ষার ফলাফলের শীর্ষস্থান চাড়েনি মাদ্রাসা বোর্ড। পরীক্ষার পাসের হার সামান্য কমলেও মাদ্রাসা বোর্ডের জিপিএ-৫ গ্রাড ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়েছে ৮০০ জন। ২০০৬ সালে জিপিএ-৫ গ্রাডের সংখ্যা ছিল ৬ হাজার ৮৬ জন। এবারের ফলাফলে জিপিএ-৫ গ্রাডের সংখ্যা হচ্ছে ৭ হাজার ৮৮৯ জন। গত ফজিল পরীক্ষায় মোট ৫টি বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৬৭ হাজার ৭০৫ জন, তন্মধ্যে ছাত্র ৯০ হাজার ৯০ জন এবং ছাত্রী ৭৪ হাজার ৬৪২ জন। পরীক্ষায় মোট পাস করেছে ১ লাখ ১০ হাজার ৪৮৬ জন, তন্মধ্যে ছাত্র ৬৫ হাজার ০৭৫ জন এবং ছাত্রী ৪৫ হাজার ১১১ জন। ছাত্রদের পাসের হার ৭০.২০% এবং ছাত্রীদের পাসের হার ৬০.৪৪%। সাধারণ শাখায় গড় পাসের হার ৬০.৯৭%, তন্মধ্যে ছাত্র

৬৮.২১ এবং ছাত্রী ৫৯.১২%। বিজ্ঞান শাখায় গড় পাসের হার ৮২.৭২%, তন্মধ্যে ছাত্র ৮০.৫৭% এবং ছাত্রী ৮০.৩২%। মুজিবদ শাখায় গড় পাসের হার ৬২.০৫%, তন্মধ্যে ছাত্র ৫৭.৯১% এবং ছাত্রী ৬৭.৩৯%। হিতজুল কুরআন শাখায় গড় পাসের হার ৮৮.২৪%, তন্মধ্যে ছাত্র ৯০.৭৫%।

ফজিল পরীক্ষার ফলাফলে মাদ্রাসা বোর্ড সকল বোর্ডের শীর্ষে অবস্থান করায় বাংলাদেশের উম্মিয়তুল মোদারেরীনের সেক্রেটারী জেনারেল মাওলানা শাকিবুর আহমেদ মোমতাজী বোর্ড চেয়ারম্যান, কর্মকর্তা-কর্মচারী এবং সর্বশ্রেষ্ঠ মাদ্রাসা সমূহের প্রিন্সিপাল, শিক্ষক ও কর্মচারীদের অভিনন্দন জানিয়েছেন। তিনি আগামী পরীক্ষায় পাসের হার বৃদ্ধি এবং সকল প্রবণতা পূর্বের কঠোর ন্যায় আনার লক্ষ্যে মাদ্রাসা বোর্ড এবং মাদ্রাসা সমূহের প্রতি আহ্বান জানিয়েছেন।